# সীমান্তের অতন্দ্র প্রহরী




## বর্ডার গার্ড বাংলাদেশ-এ যোগ দিন সীমান্ত রক্ষায় গর্বের অংশীদার হোন

### ডিজিটাল পদ্ধতিতে ১০৫তম ব্যাচে সিপাহী (জিডি) পদে পুরুষ ও মহিলা প্রার্থী নিয়োগ বিজ্ঞপ্তি

**অনলাইনে আবেদন শুরু ২৪ মার্চ ২০২৬ এবং শেষ ০২ এপ্রিল ২০২৬**

১। শিক্ষাগত যোগ্যতা, বেতন স্কেল ও বয়স।

| ক্রমিক | বিবরণ | শর্তাবলী |
|---|---|---|
| ক। | শিক্ষাগত যোগ্যতা | এসএসসি/সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.০০ এবং এইচএসসি/সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে (পুরুষ ও মহিলা প্রার্থী উভয়ের জন্য প্রযোজ্য)। |
| খ। | বেতন স্কেল | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৯০০০ - ২১৮০০/- টাকা। তৎসহ বাড়ি ভাড়া, বাসস্থান এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য সুবিধাদি। |
| গ। | বয়স | ১৯-০৭-২০২৬ তারিখে বয়স ১৮ হতে ২৩ বছর (জন্ম তারিখ ২০-০৭-২০০৩ হতে ১৯-০৭-২০০৮ এর মধ্যে হতে হবে)। বয়স গণনার ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয় (পুরুষ ও মহিলা প্রার্থী উভয়ের জন্য প্রযোজ্য)। |

২। শারীরিক যোগ্যতা।

bdgovtjob.net

| ক্রমিক | বিবরণ | পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে | মহিলা প্রার্থীদের ক্ষেত্রে |
|---|---|---|---|
| ক। | উচ্চতা | ১.৬৮ মিটার (৫´-৬´´) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ক্ষেত্রে ১.৬৩ মিটার (৫´-৪´´) | ১.৫৭৪ মিটার (৫´-২´´) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ক্ষেত্রে ১.৫২৪ মিটার (৫´-০´´) |
| খ। | ওজন | ৪৯.৯০ কেজি (১১০ পাউন্ড) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ক্ষেত্রে ৪৭.১৭৩ কেজি (১০৪ পাউন্ড) | ৪৭.১৭৩ কেজি (১০৪ পাউন্ড) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ক্ষেত্রে ৪৩.৫৪৪ কেজি (৯৬ পাউন্ড) |
| গ। | বুকের মাপ | স্বাভাবিক ০.৭৬ মিটার (৩০´´) স্ফীত ০.৮১ মিটার (৩২´´) | স্বাভাবিক ০.৭১ মিটার (২৮´´) স্ফীত ০.৭৬ মিটার (৩০´´) |
| ঘ। | দৃষ্টিশক্তি | ৬/৬ | ৬/৬ |

৩। বৈবাহিক অবস্থা। অবিবাহিত (তালাকপ্রাপ্ত গ্রহণযোগ্য নহে)।

৪। অত্র বাহিনীর জনবল হ্রাস/বৃদ্ধির উপর ভিত্তি করে মহাপরিচালক (নিয়োগকারী কর্তৃপক্ষ) নিয়োগের আসন সংখ্যা কম/বেশী এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৫। সকল জেলাসমূহ হতে সিপাহী (জিডি) পদে পুরুষ ও মহিলা প্রার্থীরা আবেদন করতে পারবেন। আসন সংখ্যা সীমিত।

৬। রেজিস্ট্রেশন। **বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ১, ২ ও ৩ অনুযায়ী আগ্রহী যোগ্য পুরুষ ও মহিলা প্রার্থীগণ https://joinborderguard.bgb.gov.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে ২৪ মার্চ ২০২৬ তারিখ ১০০০ ঘটিকা হতে ০২ এপ্রিল ২০২৬ তারিখ ২৪০০ ঘটিকা পর্যন্ত অনলাইনে আবেদনের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারবেন।**

৭। আবেদন পদ্ধতি। বিজিবি ই-রিক্রুটমেন্ট ওয়েবসাইট **https://joinborderguard.bgb.gov.bd** এ চলমান নিয়োগ বিজ্ঞপ্তি থেকে নিম্নবর্ণিত ০৬টি ধাপে আবেদন সম্পন্ন করতে হবে ঃ

**ধাপ- ১ ঃ যোগ্যতা পরীক্ষা**

- নিয়োগ বিজ্ঞপ্তি হতে **"আবেদন করুন"** বাটনে ক্লিক করুন।
- আবেদনের পূর্বে আবেদন পদ্ধতির ধাপগুলো ভালোভাবে পড়ুন।
- **"এগিয়ে যান"** বাটনে ক্লিক করুন।
- যোগ্যতা পরীক্ষা সংক্রান্ত সমস্ত প্রশ্নের সঠিক উত্তর দিন।

**ধাপ- ২ ঃ রেজিস্ট্রেশন**

- আপনি যোগ্য হলে ব্যক্তিগত মোবাইল নম্বরটি দিন এবং যদি ইমেইল ঠিকানা থাকে দিন এরপর **"এগিয়ে যান"** বাটনে ক্লিক করুন।
- আপনার মোবাইলে প্রেরিত চার সংখ্যার ওটিপি **(OTP)** কোডটি লিখুন এবং **"যাচাই করুন"** বাটনে ক্লিক করুন।
- আপনার মোবাইল নম্বর যাচাই হয়ে গেলে রেজিস্ট্রেশনের জন্য সিস্টেম জেনারেটেড **ইউজার আইডি ও পাসওয়ার্ড** আপনার স্ক্রিনে দেখা যাবে।
- আপনার রেজিস্ট্রেশনের জন্য ব্যবহৃত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমেও **ইউজার আইডি ও পাসওয়ার্ড** পাঠানো হবে।
- এরপর নিচের **"লগইন পেইজে যান"** বাটনে ক্লিক করুন।

**ধাপ- ৩ ঃ আবেদন ফি জমা**

- আপনার **ইউজার আইডি ও পাসওয়ার্ড** দিয়ে **"লগইন করুন"** বাটনে ক্লিক করুন।
- ভর্তি কার্যক্রমের ফি প্রদান করতে ইচ্ছুক হলে **"ফি প্রদান করুন"** বাটনে ক্লিক করুন।
- আবেদন ফি বাবদ ৫৬/- টাকা পেমেন্ট করতে হবে (অর্থ মন্ত্রণালয় কর্তৃক ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী)।
- আপনার **ব্যাংকিং কার্ড অথবা মোবাইল ব্যাংকিং** এর সঠিক তথ্য প্রদান করে ডিজিটাল পদ্ধতিতে পেমেন্ট সম্পন্ন করুন।

**ধাপ- ৪ ঃ শিক্ষাগত যোগ্যতা যাচাই**

bdgovtjob.net

- আপনার এসএসসি ও এইচএসসি সমমান পরীক্ষার তথ্য **(শিক্ষা বোর্ড, পরীক্ষার বছর, রোল নম্বর ও রেজিস্ট্রেশন নম্বর)** প্রদান করে **"যাচাই করুন"** বাটনে ক্লিক করুন।
- আপনার দেয়া তথ্য সঠিক না হলে এসএসসি ও এইচএসসি সমমান পরীক্ষার সমস্ত তথ্য পুনরায় চেক করুন এবং সঠিক তথ্য প্রদান করুন।

**ধাপ- ৫ ঃ ব্যক্তিগত তথ্য প্রদান ও ছবি আপলোড**

- শিক্ষা সংক্রান্ত তথ্যগুলো সঠিক হলে আপনার নাম ও প্রয়োজনীয় তথ্য স্বয়ংক্রিয়ভাবে পূরণ হয়ে যাবে।
- ফরমে থাকা ইনপুট ফিল্ডগুলোতে **ব্যক্তিগত তথ্য** প্রদান করুন।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি আপলোড করুন।
- **"আমার দেওয়া সমস্ত তথ্য গুলো সঠিক"** চেক বক্সে ক্লিক করে **"পরবর্তী ধাপে যান"** বাটনে ক্লিক করুন।
- তথ্যে কোন ভুল থাকলে **"তথ্য পরিবর্তন করুন"** বাটনে ক্লিক করে পুনরায় এডিট করুন।
- তথ্য যাচাই করুন, একবার তথ্য সাবমিট করার পরে তা আর পরিবর্তন করা যাবে না।
- সমস্ত তথ্য সঠিক থাকলে **"আপনি কি আপনার তথ্য জমা দিতে চান"** চেক বক্সে ক্লিক করে **"সাবমিট করুন"** বাটনে ক্লিক করুন।

**ধাপ- ৬ ঃ এডমিট কার্ড/প্রবেশপত্র ডাউনলোড**

- এডমিট কার্ড/প্রবেশপত্রের জন্য অপেক্ষা করুন। পরীক্ষার পূর্বে এডমিট কার্ড/প্রবেশপত্র ডাউনলোডের জন্য আপনার দেয়া মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।
- বিজিবি ই-রিক্রুটমেন্ট ওয়েবসাইট **https://joinborderguard.bgb.gov.bd** তে আপনার ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে এডমিট কার্ড/প্রবেশপত্র ডাউনলোড করুন। এডমিট কার্ড/প্রবেশপত্রটি প্রিন্ট করে অবশ্যই পরীক্ষা কেন্দ্রে নিয়ে আসতে হবে।

★ Technical Board এর যে সকল প্রার্থীদের রেজাল্ট অনলাইনে পাওয়া যায় না, সে সকল প্রার্থীগণকে আবেদনের সময় শিক্ষা বোর্ড (অন্যান্য) সিলেক্ট করতে হবে।

৮। **স্বাস্থ্য ও অন্যান্য পরীক্ষা গ্রহণ।** প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে পর্যায়ক্রমে প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা, লিখিত পরীক্ষা, ব্যবহারিক ও মৌখিক এবং চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা গ্রহণ করা হবে। শুধুমাত্র নির্বাচিত প্রার্থীদেরকেই HBsAg, Anti HCV, Fasting Blood Sugar, HbA1C, Serum Creatinine, Urine R/M/E, CXR P/A View এবং Dope Test সম্পন্ন করা হবে। উল্লেখ্য, Fasting Blood Sugar, HbA1C, Serum Creatinine, Urine R/M/E, CXR P/A View পরীক্ষায় যোগ্য এবং HBsAg ও Anti HCV পরীক্ষায় নেগেটিভ (Negative) এবং Dope Test (Urine) পরীক্ষায় Not Detected ফলাফল প্রাপ্ত প্রার্থীগণই চূড়ান্তভাবে নির্বাচিত বলে গণ্য হবে। পরবর্তীতে সরকারের যথাযথ এজেন্সীর মাধ্যমে তদন্ত প্রতিবেদন (VR) সম্পন্ন হওয়ার পর সঠিক তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নিয়োগপত্র প্রদান করা হবে।

৯। **নিয়োগের সময় আবশ্যিকভাবে যা সঙ্গে আনতে হবে।** bdgovtjob.net

ক। এসএসসি এবং এইচএসসি বা সমমান পরীক্ষায় পাসের মূল/প্রভিশনাল সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

খ। সংশ্লিষ্ট স্কুল/কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষ কর্তৃক এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পাসের প্রশংসাপত্র যাতে প্রার্থীর স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ উল্লেখ থাকবে।

গ। অভিভাবকের অনুমতিপত্র যা সংশ্লিষ্ট চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) কর্তৃক সত্যায়িত।

ঘ। ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) এর নিকট হতে বাংলাদেশী স্থায়ী নাগরিকত্বের সনদপত্র।

ঙ। ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি।

চ। সদ্য তোলা নীল ব্যাকগ্রাউন্ড সম্বলিত ল্যাবে প্রিন্টকৃত ১১ (এগারো) কপি পাসপোর্ট সাইজের ছবি।
(০১ কপি ছবি ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর দ্বারা সত্যায়িত এবং ১০ কপি সত্যায়িত ব্যতীত)

ছ। ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত অবিবাহিত সনদপত্র।

জ। জাতীয় পরিচয়পত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি।

ঝ। **https://joinborderguard.bgb.gov.bd** লিংকে প্রবেশ করে আপনার ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করুন। বিজিবি কর্তৃক প্রেরিত এডমিট কার্ড/প্রবেশপত্রটি ডাউনলোড ও প্রিন্ট করে ভর্তির সময় অবশ্যই সঙ্গে আনতে হবে।

ঞ। **https://www.bgb.gov.bd** লিংকে প্রবেশ করে ডাউনলোড অপশনে গিয়ে বিজিবিতে ভর্তিচ্ছু প্রার্থীদের তথ্যাদির ফরম এ ক্লিক করতে হবে এবং ফরমটি ডাউনলোড পূর্বক উক্ত ফরমে উল্লিখিত তথ্যাদি যথাযথভাবে পূরণ করে ভর্তির সময় অবশ্যই সংগে আনতে হবে।

"আবেদন ফি জমা দেওয়ার পর তা আর ফেরত প্রদান করা হয় না
একবার চূড়ান্ত আবেদনের পর তা আর সংশোধন বা পরিবর্তন করা যাবে না"

bdgovtjob.net

১০। **অন্যান্য।** জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২৩ জুলাই ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুসরণ করা হবে।

১১। **বিশেষ দ্রষ্টব্য ঃ**

ক। আবেদনের সময় প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড অবশ্যই সংরক্ষণ করতে হবে।

খ। **বিজিবি কর্তৃক প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড হারিয়ে/মুছে গেলে তা প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।**

গ। কোন প্রার্থী ফৌজদারী অপরাধে আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হলে বিজিবিতে চাকরির জন্য অযোগ্য হবে।

ঘ। **কোন প্রার্থী স্থায়ী ঠিকানা গোপন করে নিয়োগ হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণসহ চাকরি হতে 'বরখাস্ত' করা হবে।**

ঙ। নিয়োগের সময় যে কোন বিষয়ে মিথ্যা বিবৃতি প্রদান করে তথ্য গোপন করলে আপনার প্রার্থিতা বাতিল করা হবে।

চ। বাংলাদেশ সশস্ত্র বাহিনী, বর্ডার গার্ড বাংলাদেশ, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ আনসার ও ভিডিপি অথবা প্রজাতন্ত্রের অন্য কোন চাকরি হতে প্রাথমিক প্রশিক্ষণ বা চাকরিরত অবস্থায় **'বহিষ্কৃত'** হলে সংশ্লিষ্ট প্রার্থী চাকরির জন্য অযোগ্য হবে।

ছ। নিয়োগের জন্য আগত প্রার্থীদেরকে লিখিত পরীক্ষার জন্য ক্লিপবোর্ড ও কলম সাথে আনতে হবে।

জ। পরীক্ষার সময় কোন প্রার্থী মোবাইল ফোন, ক্যালকুলেটর অথবা অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে রাখতে পারবে না।

ঝ। নিয়োগ কার্যক্রমের সময় আপলোডকৃত ছবি সকল নথিপত্রের সাথে ব্যবহার করতে হবে।

ঞ। **প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষার সময় Dope Test এ মাদকাসক্ত প্রমাণিত হলে চাকরির জন্য অযোগ্য হবে।**

১২। নিয়োগ সংক্রান্ত ব্যাপারে প্রার্থীদের যাতায়াতের জন্য কোন ভ্রমণ ভাতা দেয়া হবে না।

১৩। নিয়োগের সময় দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অন্যান্য কাগজপত্র ও ঠিকানা পরবর্তীতে ভুয়া বলে প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে শাস্তিমূলক ব্যবস্থার আওতায় চাকরি হতে **'বরখাস্ত'** করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

"নিজস্ব পৈত্রিক স্থায়ী ঠিকানা (নিজ জেলা) ব্যবহার করে আবেদন করুন"
"ভাড়া বাসা/বর্তমান/অস্থায়ী ঠিকানাকে স্থায়ী ঠিকানা হিসেবে গন্য করা হবে না"

bdgovtjob.net

১৪। **বিজিবি ওয়েবসাইট।** নিয়োগ সংক্রান্ত সকল তথ্য **https://joinborderguard.bgb.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৫। **HELP DESK।** আবেদন সংক্রান্ত তথ্য অনুসন্ধানের জন্য ২৪ মার্চ ২০২৬ হতে ০২ এপ্রিল ২০২৬ তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ০৯০০ ঘটিকা হতে বিকাল ১৭০০ ঘটিকা পর্যন্ত ০১৬৬৯৬০০৮০০ অথবা ০১৬৬৯৬০০৮৮৮ নম্বরে কল করুন।

## বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-এ চাকরির ব্যাপারে প্রতারকের কবল থেকে সতর্ক থাকুন

১। বিজিবিতে সিপাহী পদে নিয়োগ কেবলমাত্র সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞপ্তি ও মোবাইল এসএমএস এ উল্লিখিত তারিখ ও স্থান অনুযায়ী বিজিবি রিক্রুটিং টিমের মাধ্যমেই হয়ে থাকে। বিচ্ছিন্ন কোন স্থান, সময় বা ব্যক্তিবর্গের মাধ্যমে নয়।

২। আপনি আপনার যোগ্যতাবলেই বিজিবিতে সিপাহী পদের জন্য নির্বাচিত হবেন, কোন ব্যক্তির তদবির বা সুপারিশ আপনার অযোগ্যতা প্রমাণ করে।

৩। বিজিবিতে নিয়োগের বিষয়ে কোন প্রকার আর্থিক লেনদেন এর ঘটনা প্রমাণিত হলে চাকরি জীবনের যে কোন সময়ে শাস্তি প্রদানসহ চাকরিচ্যুত করা হয়ে থাকে।

৪। বিজিবিতে কেবলমাত্র রিক্রুটিং অফিসার কর্তৃক সরাসরি নিয়োগ এবং নিয়োগপত্র প্রদান করা হয়ে থাকে। তাই নিয়োগের ব্যাপারে প্রতারক বা দালালদের কবল হতে সতর্ক থাকুন। উৎকোচের বিনিময়ে বিজিবিতে লোক নিয়োগ করা হয় না। কেউ প্রতারণা করার চেষ্টা করলে তাকে নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করুন।

৫। জাতীয় পত্রিকা ও বিজিবি ওয়েবসাইট ব্যতীত অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যম অথবা পোর্টালে বিজিবি নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয় না। অতএব রেজিস্ট্রেশনের ক্ষেত্রে অসমর্থিত উৎস হতে প্রাপ্ত নিয়োগ বিজ্ঞপ্তি হতে সতর্ক থাকুন।

৬। প্রতারক সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ রিক্রুটিং অফিসারকে অবহিত করুন। প্রতারকের কবল থেকে নিজে বাঁচুন, অন্যকে বাঁচান।

উপ মহাপরিচালক
রেকর্ড উইং
মহাপরিচালকের পক্ষে

